- নারী উন্নয়ন ও সমতার লক্ষ্যে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) নারী উন্নয়ন নীতিমালা বাস্তবায়নকল্পে রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে নারী উন্নয়নে গৃহীত সরকারি/বেসরকারি উদ্যোগ ও কার্যক্রমের সমন্বয় করা।
- **ভিডব্লিউবি কর্মসূচি(পূর্বের ভিজিডি):** বাংলাদেশ সরকারের সর্ববৃহৎ সামাজিক নিরাপত্তা কর্মসুচি (Safety net programme) দুঃস্থ ও অসহায় এবং শারীরিকভাবে সক্ষম মহিলাদের উন্নয়ন স্থায়ীত্বের জন্য দুই বৎসর ব্যপি বা ২৪ মাস প্রতি নারী প্রতি মাসে ৩০ কেজি খাদ্যশস্য ও প্রশিক্ষণ পেয়ে থাকেন। ভিডব্লিউবি মোট সুবিধাভোগীর সংখ্যা প্রায় ১০,৪০,০০০ জন।
- **মা ও শিশু সহায়তা কর্মসূচি:** গ্রামীণ এলাকার দরিদ্র গর্ভবতী মায়েদের জন্য মাতৃত্বকালীন ভাতা এবং শহর এলাকার কম আয়ের কর্মজীবি মায়েদের জন্য ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির একটি সমন্বিত ও উন্নত সংস্করণ। কর্মসূচির উদ্দেশ্য গর্ভবতী মায়ের গর্ভকালীন যত্ন থেকে শুরু করে শিশুর জন্মের প্রথম গুরুত্বপূর্ণ ১০০০ দিনসহ ৪ বছর বয়স পর্যন্ত শিশুর পুষ্টি চাহিদা পূরণ ও বুদ্ধিবৃত্তিক বিকাশ। দরিদ্র অসহায় পরিবারের ২০ থেকে ৩৫ বছর বয়সী গর্ভবতী মা শুধুমাত্র প্রথম ও দ্বিতীয় (সর্বোচ্চ দুজন) সন্তানের জন্য এই কর্মসূচির আওতায় বর্তমানে ৩৬ মাস ৮৫০ টাকা হারে ভাতা প্রদান করা হয়। প্রতিমাসে ভাতা প্রদানের পাশাপাশি গর্ভবতী মায়ের পুষ্টি, যত্ন, শিশুর পুষ্টি, মনোসামাজিক ও বুদ্ধিবৃত্তিক বিকাশ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৫-২৬ অর্থবছরে উপকারভোগীর সংখ্যা ১৭,৭১,২০০ জন।
- **মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম:** বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রাপ্ত বিত্তহীন ও দরিদ্র মহিলাদের উৎপাদনমূখী কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়। ‘‘মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম’’ কর্মসূচীটি ২০০৩-০৪ অর্থ বছর হতে শুরু করে চলমান অর্থ বছর পর্যন্ত সারা দেশের ৬৪টি জেলার আওতাধীন ৪৯২টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে।
- **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রন ও অনুদান বিতরণ:** স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনসমূহের নিবন্ধন প্রদান ও তদারকিসহ তাদের মধ্যে বাৎসরিক অনুদান প্রদান করা হয়।
- **প্রশিক্ষণ:** নারীবান্ধব আবাসিক/অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্রে বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হচ্ছে। ০৭টি জেলায় ০৭টি আবাসিক ও ০১টি অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্বের মাধ্যমে বিভিন্ন ট্রেডে নারীদের প্রশিক্ষিত করে তোলা হচ্ছে।

- **উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (wtc):** ১৩৬টি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (wtc) রয়েছে। এসব কেন্দ্রে অসহায়, বিধবা, স্বামী পরিত্যক্তা ও স্বল্প শিক্ষিত মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে ০৩মাস মেয়াদে দর্জি বিজ্ঞান ট্রেডে প্রতিব্যাচে ৩০জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদেরকে দৈনিক (সরকারি ছুটি ব্যতীত) ১০০/- (একশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।